# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬১৫

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো কোন ভুল হলে অথবা ভুলে গেলে সব সময় তাওবা করা ও আল্লাহ অভিমুখী হওয়া

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ لُزُومِ التَّوْبَةِ وَالْإِنَابَةِ عِنْدَ السَّهْوِ وَالْخَطَأِ

---

আরবী

615 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ ـ بِبُسْتَ ـ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ بْنُ عُبَيْدِ اللَّهِ عَنْ عَبْدِ اللَّهِ أَخْبَرَنَا سَعِيدُ بْنُ أَبِي أَيُّوبَ الْخُزَاعِيُّ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْوَلِيدِ عَنْ أَبِي سُلَيْمَانَ اللَّيْثِيِّ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ:(مَثَلُ الْمُؤْمِنِ وَمَثَلُ الْإِيمَانِ كَمَثَلِ الْفَرَسِ فِي آخِيَّتِهِ يَجُولُ ثُمَّ يَرْجِعُ إِلَى آخِيَّتِهِ وَإِنَّ الْمُؤْمِنَ يَسْهُو ثُمَّ يَرْجِعُ إِلَى الْإِيمَانِ فأطعموا طعامكم الأتقياء وولوا معروفكم المؤمنين.)
الراوي : أَبو سَعِيدٍ الْخُدْرِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 615 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

৬১৫. আবু সা'ঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “মুমিন ব্যক্তি এবং ঈমানের দৃষ্টান্ত হলো খুঁটায় রশিতে বাঁধা ঘোড়ার ন্যায়, যে ঘুরে বেড়ায় তারপর আবার তার খুটার কাছে ফিরে আসে। একজন মুমিন ব্যক্তিও ভুলে যায় তারপর আবার সে ঈমানে ফিরে আসে। তোমরা তোমাদের খাদ্য আল্লাহভীরু ব্যক্তিদের খাওয়াও আর তোমাদের ভাল আচরণ মুমিন ব্যক্তিদের দিকে ফিরিয়ে দাও।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৫৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৮৫; মুসনাদুশ শিহাব: ৭১৩; মাজমা'উয যাওয়াইদ: ১০/২০১।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদটিকে য‘ঈফ বলেছেন।তবে তিনি বলেছেন যে, এর সমর্থনে অন্য সানাদ থাকার কারণে এটি শক্তিশালী হবে। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে য‘ঈফ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ৪/৭৪।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89117

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন